




জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস
২০২৩ উপলক্ষে 'আলোচনা সভা' অনুষ্ঠিত



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস- ২০২৩ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ১৫ আগস্ট-২০২৩, মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বলেন, “দেশ স্বাধীন হওয়ার পরবর্তী ৩ বছরে বঙ্গবন্ধু যখন যুদ্ধবিধ্বস্ত দেশকে নতুন করে সাজানো জন্য এগিয়ে যাচ্ছিলেন, ঠিক তখনই দেশদ্রোহী ও স্বাধীনতা বিরোধী অপশক্তির সহায়তায় তাঁকে সপরিবারে নৃশংসভাবে হত্যা করা হয়েছিলো।”

তিনি আরো বলেন, “নানা দেশ যুদ্ধাবস্থা বিরাজমান হওয়ায় বিশ্বের অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থা কঠিন হতে কঠিনতর হয়ে পড়ছে। বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত হয়েই তাঁর সুযোগ্য কন্যা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সচেষ্ট রয়েছেন। অর্থনৈতিক মাপকাঠিতে দেশে রিজার্ভ সঠিক থাকার পরও সেখানে কিছু স্বার্থাশ্রেষ্টী মহল দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টায় লিপ্ত রয়েছে।”

এসময় তিনি আরো বলেন “৭০’র নির্বাচনের মতো আমাদের দেশের জাতীয় নির্বাচন নিয়ে দেশীয় ও আন্তর্জাতিক ষড়যন্ত্র চলছে, এ বিষয়ে আমাদের ঐক্যবদ্ধ হয়ে সজাগ থাকতে হবে”।



বঙ্গবন্ধুর হত্যাকাণ্ডকে ইতিহাসের নৃশংস হত্যাকাণ্ড উল্লেখ করে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বলেন, “ বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করতে হলে আমাদের আত্ম জিজ্ঞাসাবোধ থাকতে হবে। মুক্তিযুদ্ধ এবং বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে দেশকে এগিয়ে নেওয়ার জন্য বর্তমান সরকারকে আবার ক্ষমতায় আনার জন্য আওয়ামী পরিবার সকলকে ঐক্যবদ্ধ হতে হবে এবং এর কোনো বিকল্প নেই।”

এছাড়াও আলোচনা সভায় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান, কর্মকর্তা সমিতির সাধারণ সম্পাদক মোঃ আব্দুল কাদের, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি ইব্রাহীম ফরাজী, সাধারণ সম্পাদক এস এম আকতার হোসাইন, কর্মচারী সমিতির সভাপতি শরীফুল ইসলাম, সাধারণ সম্পাদক সাজ্জাদ হোসেন ও সহায়ক কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক বক্তব্য প্রদান করেন। আলোচনা সভায় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, শিক্ষক, প্রক্টর, শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। আলোচনা সভা সঞ্চালনা করেন ডেপুটি রেজিস্ট্রার এমেল হক মোল্লা।

আলোচনা সভায় বক্তারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবনের বিভিন্ন দিক, আদর্শ, বাঙালি জাতীয়তাবাদ ও অসাম্প্রদায়িকতাসহ নানাবিধ আন্দোলন সংগ্রামের ইতিহাস তুলে ধরা হয়েছে। সেই সাথে বঙ্গবন্ধুকে হত্যার মাধ্যমে কিভাবে দেশে আবারও সাম্প্রদায়িক ও স্বাধীনতা বিরোধীরা ক্ষমতায় আসীন হয়ে দেশকে ধ্বংসের মুখে ঠেলে দিয়েছিল তা আলোকপাত করা হয়।